# ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত

GOSPEL 316

***"ধন্য সেই যাহার অধর্ম ক্ষমা হইয়াছে, যাহার পাপ আচ্ছাদিত হইয়াছে।"* গীতসংহিতা ৩২:১**

যে ভুল কাজগুলি আমরা করে থাকি (বাইবেল অনুসারে যেগুলিকে পাপ বলা হয়), সেগুলি ঈশ্বরের থেকে আমাদের বিচ্ছিন্ন করে দেয়। ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে থাকার জন্য–অনন্তকালের জন্য প্রস্তুত হওয়ার জন্য, আমাদেরকে ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত হওয়ার প্রয়োজন রয়েছে। বাইবেল সংক্রান্ত ক্ষমা এমন নয়, যেখানে ঈশ্বর বলবেন যে, তিনি আমাদের পাপগুলি উপেক্ষা করবেন এবং সেই সকল পাপের জন্য অনন্তকালীন শাস্তি তিনি মুছে ফেলবেন। না, সেই শাস্তি অবশ্যই পেতে হবে। ভাল খবর (সুসমাচার) হল এই যে, যীশু [নিস্পাপ ঈশ্বর–মানব], ক্রুশে মৃত্যুবরণ করে, তাঁর রক্তের দ্বারা, আপনার শাস্তির মূল্য চুকিয়ে দিয়েছেন। এক অর্থে আপনার স্থানটি তিনি নিয়ে নিয়েছেন। যীশু স্বয়ং আপনার জন্য বিকল্প বলি হয়েছেন। কিন্তু এটাই যথেষ্ট নয়। সেই মূল্য চুকানো আপনার উপরে প্রয়োগ করতে হবে ... আপনার হিসাবের খাতায় সেটিকে যোগ দিতে হবে। গুরুত্বপূর্ণ প্রশ্ন হল এই যে, কিভাবে সেটি ঘটে? এটি তখন ঘটে, যখন আপনি অনুতাপ করেন (আপনার পাপ থেকে ঈশ্বরের দিকে ফিরে আসেন) এবং যীশুতে বিশ্বাস করেন। আর তখন, এবং কেবল মাত্র তখনই আপনি ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত হন।

## *আমাদের সমস্যা ... ঈশ্বরের থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া*

*"কেননা সকলেই পাপ করিয়াছে এবং ঈশ্বরের গৌরব–বিহীন হইয়াছে।"* রোমীয় ৩:২৩

*"কিন্তু তোমাদের অপরাধ সকল তোমাদের ঈশ্বরের সহিত তোমাদের বিচ্ছেদ জন্মাইয়াছে, তোমাদের পাপ সকল তোমাদের হইতে তাঁহার শ্রীমুখ আচ্ছাদন করিয়াছে।"* যিশাইয় ৫৯:২

*"এবং যাহারা ঈশ্বরকে মানে না ও যাহারা আমাদের প্রভু যীশুর সুসমাচারের আজ্ঞাবহ হয় না, তাহাদিগকে সমুচিত দণ্ড দিবেন। তাহারা প্রভুর মুখ হইতে ও তাঁহার শক্তির প্রতাপ হইতে অনন্তকালস্থায়ী বিনাশরূপ দণ্ড ভোগ করিবে।"* ২ থিষলনীকীয় ১:৮–৯

*"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ–দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন।"* রোমীয় ৬:২৩

*"কেননা যখন আমরা শক্তিহীন ছিলাম; তখন খ্রীষ্ট উপযুক্ত সময়ে ভক্তিহীনদের নিমিত্ত মরিলেন।"* রোমীয় ৫:৬

## *ঈশ্বরের সমাধান ... প্রতিস্থাপন*

*"কারন ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়।"* যোহন ৩:১৬

*"ইহাতেই প্রেম আছে; আমরা যে ঈশ্বরকে প্রেম করিয়াছিলাম, তাহা নয়; কিন্তু তিনিই আমাদিগকে প্রেম করিলেন, এবং আপন পুত্রকে আমাদের পাপার্থক প্রায়শ্চিত্ত হইবার জন্য প্রেরণ করিলেন।"* ১ যোহন ৪:১০

*"কিন্তু ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেন; কারণ আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের নিমিত্ত প্রাণ দিলেন।"* রোমীয় ৫:৮

*"তিনি আমাদের পাপভার তুলিয়া লইয়া আপনি নিজ দেহে কাষ্ঠের উপরে বহন করিলেন, যেন আমরা পাপের পক্ষে মরিয়া ধার্মিকতার পক্ষে জীবিত হই।"* ১ পিতর ২:২৪

*"কিন্তু যত লোক তাঁহাকে [যীশুকে] গ্রহণ করিল, সেই সকলকে, যাহারা তাঁহার নামে বিশ্বাস করে তাহাদিগকে, তিনি ঈশ্বরের সন্তান হইবার ক্ষমতা দিলেন।"* যোহন ১:১২

## *ক্ষমার দিকে যাওয়ার জন্য আপনার পথ ... যীশুকে বিশ্বাস করা*

*"তাঁহার* [যীশুর] *পক্ষে ভাববাদীরা সকলে এই সাক্ষ্য দেন, যে কেহ তাহাতে বিশ্বাস করে, সে তাহার নামের গুনে পাপমোচন প্রাপ্ত হয়।"* প্রেরিত ১০:৪৩। *"কেননা অনুগ্রহেই বিশ্বাস দ্বারা তোমরা পরিত্রাণ পাইয়াছ; এবং ইহা তোমাদের হইতে হয় নাই, ঈশ্বরেরই দান; তাহা কর্মের ফল নয়, যেন কেহ শ্লাঘা না করে।"* ইফিষীয় ২:৮–৯। আপনি (কেবল মাত্র যীশুর বিষয়ে বিশ্বাস করবেন এমন নয়) কিন্তু আপনার মন ফিরানোর মাধ্যমে যীশুকে বিশ্বাস করতে পারেন। সেটি করার জন্য এই প্রার্থনাটি হল একটি উপায়। এটি কোন শপথ নেওয়া অথবা কোন মন্ত্র উচ্চারণ করা নয়। যদি আপনার হৃদয় চায়, তাহলে আপনি এই প্রার্থনাটি করুন।

**প্রিয় ঈশ্বর,**
**আমি আমার প্রয়োজনের কথা স্বীকার করি ... আমি একজন পাপী।**
**আমার পাপের কারণে আমি অনুতপ্ত ... আমার পাপ করা থেকে বিরত হয়ে আমি তোমার কাছে আসি।**
**আমি যীশুকে বিশ্বাস করি ... তিনি হলেন ঈশ্বর। আমার জন্য তিনি ক্রুশে মৃত্যুবরণ করেছেন।**
**আমার ত্রাণকর্তা হওয়ার জন্য আমি তাঁকে আমন্ত্রণ জানাই।**
**আমেন।**

আপনার পাপের মূল্য যীশু চুকিয়ে দিয়েছেন। এবং যীশুকে বিশ্বাস করার মাধ্যমে, তাঁর মূল্য প্রদান করাটা আপনার মূল্য প্রদান করায় পরিণত হয়।
আপনি ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত হয়েছেন। এবং যীশু বলেছেন যে আপনি অনন্তকালের জন্য নিরাপদ, যোহন ৩:১৬।

***"ধন্য সেই যাহার অধর্ম ক্ষমা হইয়াছে, যাহার পাপ আচ্ছাদিত হইয়াছে।"* গীতসংহিতা ৩২:১**

BENGALI

বিনামূল্যের *ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত* বিভিন্ন ভাষায় পি ডি এফ পাওয়া যায় এখানে Gospel316.org।

**আপনি যদি নিষ্ঠার সঙ্গে এই প্রার্থনাটি করে থাকেন,** তাহলে আপনি ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত হয়েছেন এবং এবং সমগ্র অনন্তকালের জন্য আপনি এখন ঈশ্বরের সঙ্গে নিরাপদ। বলি রূপে যীশুর মৃত্যুবরণ করা, আপনাকে পাপের ক্ষমা দিয়েছে। ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন যে, আপনার বর্তমান সম্পদ রূপে এখন আপনি অনন্ত জীবন পেতে পারেন ... অর্থাৎ আপনার আর বিচার হবে না ... এবং মৃত্যুর থেকে রেহাই পেয়ে আপনি জীবনে প্রবেশ করেছেন, যোহন ৫:২৪। আপনি নিরাপদ, কারণ, ঈশ্বরের সর্বশক্তিমান হাত থেকে কেউ আপনাকে ছিনিয়ে নিতে পারবে না। এমন নয় যে আপনি তাঁকে ধরে আছেন, কিন্তু তিনিই আপনাকে ধরে আছেন। যীশু বললেন *"আমার মেষেরা আমার রব শুনে, আর আমি তাহাদিগকে অনন্ত জীবন দিই, তাহারা কখনই বিনষ্ট হইবে না, এবং কেহই আমার হস্ত হইতে তাহাদিগকে কাড়িয়া লইবে না। আমার পিতা, যিনি তাহাদের আমাকে দিয়াছেন, তিনি সর্বাপেক্ষা মহান; এবং কেহই পিতার হস্ত হইতে কিছুই কাড়িয়া লইতে পারে না,"* যোহন ১০:২৮-২৯।

**আপনি যদি এই প্রার্থনাটি করার জন্য প্রস্তুত নন,** তাহলে এই প্রার্থনাটি করাকে আপনার উচ্চতম প্রাথমিকতা করুন। আপনার নির্ণয়, অনন্তকালের জন্য একটি গুরুত্বপূর্ণ এবং পরিণামের বিষয় হবে। মৃত্যুর পর দ্বিতীয় আর কোন সুযোগ থাকবে না, *"মনুষ্যের নিমিত্ত এক বার মৃত্যু তৎপরে বিচার নিরূপিত আছে,"* ইব্রীয় ৯:২৭। আপনার মনের মধ্যে যদি এমন প্রশ্ন আছে যেটির উত্তর আপনি পান নি, যেগুলি আপনার নির্ণয় নেওয়ার ক্ষেত্রে বাধাজনক হয়, তাহলে আপনি সেই ব্যক্তির সঙ্গে আলোচনা করুন, যিনি আপনাকে এটি দিয়েছেন।

## দৃষ্টান্ত এবং সংজ্ঞা

**ক্ষমা।**
ক্ষমা। বাইবেল সংক্রান্ত ক্ষমার জন্য প্রয়োজন হয় আমাদের পাপের মূল্য প্রদান করা। পাপের শাস্তি হল অনন্তকালের জন্য ঈশ্বরের থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া। বাইবেল সংক্রান্ত ক্ষমা হল আপনার পাপ এবং সেটির শাস্তি আপনার উপর থেকে যীশুর উপরে স্থানান্তরিত করে দেওয়া। ঈশ্বর আমাদের পাপ এবং সেই পাপের শাস্তি, যীশুকে দিয়েছেন। এবং তখন ঈশ্বর তাঁর ধার্মিকতা আমাদের দিয়েছেন। এটি এমন যেন, স্বর্গে দুইটি হিসাবের খাতা ছিল। প্রথমটি হল আপনার হিসাবের খাতা, যার মধ্যে আপনার করা সকল সময়ের সকল মন্দ কাজগুলি নথিভুক্ত করা আছে। আপনার খাতার পৃষ্ঠাগুলি পাপের নথিতে ভরে গিয়েছে। বাইবেল স্পষ্ট রূপে বলে যে, আমরা কিছু কিছু এমন কাজ করি, যেগুলি পাপ (আমাদের করা পাপ) এবং কিছু কিছু এমন কাজ করি না, যেগুলি না করা হল পাপ (কর্তব্য কাজ না করার পাপ)। এমন কি আমাদের কিছু কিছু চিন্তাধারাও পাপ হয়ে থাকে। আমরা যদি দিনে তিনটি করে পাপ করি, তাহলে বছরে আমরা ১,০০০ পাপ করে ফেলবো। আমাদের সারা জীবনে অনেক পাপ করা হয়ে যাবে। অপর খাতাটি হল নিষ্পাপ যীশুর খাতা। সেটির পৃষ্ঠাগুলি পরিষ্কার এবং সেখানে কোন দাগ নেই। আপনি যখন যীশুকে বিশ্বাস করেন, তখন এমন হয় যেন এই দুইটি খাতার মলাট একটির থেকে অন্যটিতে পালটে দেওয়া হল। তখন দেখা গেল যে আপনার হিসাবের খাতাটি একেবারে পরিষ্কার। আপনার পাপ এবং তার শাস্তি সব চলে গিয়েছে।

**একটি বাস্তব সমাধান।**
যীশু তাঁহাকে বলিলেন, *"আমিই পথ ও সত্য ও জীবন; আমা দিয়া না আসিলে কেহ পিতার নিকটে আইসে না।"* যোহন ১৪:৬। পাপের কারণে ঈশ্বরের থেকে আমাদের বিচ্ছিন্ন হয়ে যাওয়ার বাইবেল সংক্রান্ত সমাধান হল অনন্য। অন্যান্য ধর্ম আমাদের পাপ সমূহ নিয়ে এই আশা নিয়ে আমাদের অনন্তকালের সম্মুখীন হতে বলে যে, সেখানে যে কোন দেব দেবী থাকুক না কেন, তারা আমাদের পাপ উপেক্ষা করবে। এই বিষয়ে যীশু যেভাবে অনন্য, সেটি হল এই যে, তিনি আমাদের পাপ ক্ষমা করে দেন, আমাদের পাপগুলি ধুয়ে পরিষ্কার করে দেন। তখন আমাদের সকল পাপ মুছে যাওয়া অবস্থায় আমরা ঈশ্বর এবং অনন্তকালের সম্মুখীন হই, কারণ সেগুলি যীশুর উপরে স্থানান্তরিত করা হয়ে যায়। প্রেরিত পিতর বলেছেন *"আর অন্য কাহারও কাছে পরিত্রাণ নাই; কেননা আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে।"* প্রেরিত ৪:১২। প্রেরিত পৌল বলেছেন, *"কারণ একমাত্র ঈশ্বর আছেন; ঈশ্বরের ও মনুষ্যদের মধ্যে একমাত্র মধ্যস্থ আছেন, তিনি মনুষ্য, খ্রীষ্ট যীশু, তিনি সকলের নিমিত্ত মুক্তির মূল্য রূপে আপনাকে প্রদান করিয়াছেন; এই সাক্ষ্য যথাসময়ে দাতব্য"* ১ তীমথিয় ২:৫-৬। যীশুর পথ হল প্রকৃত সমাধান।

**যীশুকে বিশ্বাস করা।**
যীশুকে বিশ্বাস করা হল যীশুর বিষয়ে বিশ্বাস করা অপেক্ষা *অধিক কিছু।* কল্পনা করুন যে, বিমানের একজন যাত্রী রূপে আপনি উড়ে চলেছেন পাহাড়ের উপর দিয়ে, যখন বিমানের ইঞ্জিন অকস্মাৎ আওয়াজ করতে শুরু করলো এবং বন্ধ হয়ে যেতে লাগলো। বিমান তখন পাহাড়ে ধাক্কা লেগে আগুনে ধ্বংস হতে চলেছিল। বিমান চালক সকল যাত্রীকে প্যারাসুট বেঁধে বিমানের খোলা দরজা দিয়ে বাইরে ঝাঁপিয়ে পড়ার জন্য নির্দেশ দিলেন। এইগুলি আপনি দূরদর্শনে দেখেছেন। কিন্তু এখন বিষয়টি সম্পূর্ণ ভিন্ন। বিমানের দরজা দিয়ে বাইরে ঝাঁপিয়ে পড়ার জন্য একটি প্যারাসুটের বিষয়ে বিশ্বাস করা অপেক্ষা অনেক বেশি কিছু। ... এর জন্য প্রয়োজন হবে ... *একটি প্যারাসুটের বিষয়ে বিশ্বাস করা অপেক্ষা* অধিক কিছু। এর জন্য প্রয়োজন হবে *একটি প্যারাসুটকে বিশ্বাস করা।* এবং ঝাঁপিয়ে পড়া কোন কোন ব্যক্তির পিঠের ব্যাগ সঠিক ভাবে কাজ করবে না। আপনার টিকে থাকার জন্য প্রয়োজন হবে একটি সঠিক প্যারাসুট ... সেটি ব্যতীত ঝাঁপিয়ে পড়ার অর্থ হবে অবধারিত মৃত্যু। একটি প্যারাসুট নিয়ে ঝাঁপিয়ে পড়া হল বিশ্বাসে ১০০% অঙ্গীকার। আপনার হয়তো কিছু সন্দেহ থাকতে পারে বটে, কিন্তু টিকে থাকার জন্য প্রয়োজন হবে প্যারাসুটের উপরে সম্পূর্ণ রূপে ভরসা করা। যীশু হলেন একমাত্র সত্য অনন্তকালীন প্যারাসুট। বিশ্বাসে এগিয়ে যান। যীশুকে বিশ্বাস করুন!

**ছাপানোর বিষয়ে নির্দেশাবলী।** কাগজের উভয় দিকেই ছাপাতে পরামর্শ দেওয়া হল। রঙ্গিন এবং সাদা কালোয় ছাপান।

---

*ঈশ্বরের দ্বারা ক্ষমাপ্রাপ্ত* © 2024 প্রেরিত এক আট দ্বারা প্রকাশিত হয়েছে এবং এখান থেকে www.Gospel316.org নেওয়া হয়েছে। আপনি স্বাধীন ভাবে সম্পূর্ণ এই উক্তিটি অপরিবর্তিত ভাবে অন্তর্ভুক্ত করে এটি ছাপাতে, নকল করতে, পোস্ট করতে পারেন। অবশ্য এর সঙ্গে আপনি আপনার পরিচর্যা অথবা মণ্ডলীর নাম অথবা চিহ্ন যুক্ত করতে পারেন। প্রেরিত এক আট এর ভিত্তি হল কেবল মাত্র বাইবেল। এটির অস্তিত্ব আছে, যীশু খ্রীষ্টকে বিশ্বাস করতে, এবং বৃদ্ধি পেয়ে যীশুর শিষ্য হতে মানুষদের সাহায্য করার জন্য। ইংরাজি ভিন্ন অন্যান্য ভাষায় অনুবাদের পরিচর্যা পাওয়া যাবে এখানে www.ChristianLingua.com। মূল ইংরাজি সংস্করণে বাইবেলের উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে নিউ অ্যামেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল (এন এ এস বি) থেকে। এই সংস্করণে বাইবেলের উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে "বাঙলা বাইবেল ও ভি" থেকে।